দৈনিক আমাদের সময়

তারিখ ... 10 JUN 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# ছিনতাইকারীর ছুরিকাঘাতে ঢাবি শিক্ষার্থীসহ আহত ৩

নিজস্ব প্রতিবেদক •

রাজধানীতে পৃথক ঘটনায় দূর্বৃত্তদের ছুরিকাঘাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) দুই শিক্ষার্থীসহ ৩ জন আহত হয়েছেন। তারা হলেন– ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ফারিয়া তাবাসসুম (২১) ও তার ভাই একই বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী ইজাজুল হক (২৬) এবং কবির হোসেন (২৪)। গতকাল বৃহস্পতিবার সকালে টিকাটুলি মোড়ে ও গেণ্ডারিয়ার কাঠবাগিচা এলাকায় এ ঘটনা ঘটে। আহতরা ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহত ইজাজুল হক জানান, তার বোন ফারিয়া ঢাবির সুফিয়া কামাল হলে থাকেন। তিনি থাকেন ফজলুল হক হলে। তাদের গ্রামের বাড়ি বাগেরহাট সদর উপজেলায়। গতকাল ভোরে গ্রামের বাড়ি যাওয়ার উদ্দেশ্যে তারা দুজন রিকশাযোগে সায়েদাবাদ বাস টার্মিনালে যাচ্ছিলেন। সকাল ৬টার দিকে টিকাটুলি রেলক্রসিং মোড়ে আসতেই ৪-৫ জন যুবক পথ আটকে তাদের ব্যাগ ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। এ সময় বাধা দিলে ছিনতাইকারীরা তাদের ছুরিকাঘাত করে ব্যাগের ৫ হাজার টাকা, একটি ল্যাপটপ ও মোবাইল ফোন ছিনিয়ে নিয়ে পালানোর সময় চিৎকার দিলে স্থানীয়রা তাদের ধাওয়া দেয়। একপর্যায়ে ৫ হাজার টাকা নিয়ে ব্যাগটি ফেলে পালিয়ে যায় তারা।